তপস্বিনী হে ধরণী,   ওই-যে তাপের বেলা আসে—
তপের আসনখানি   প্রসারিল মৌন নীলাকাশে ॥
    অন্তরে প্রাণের লীলা   হোক তব অন্তঃশীলা,
    যৌবনের পরিসর   শীর্ণ হোক হোমাগ্নিনিশ্বাসে ॥
যে তব বিচিত্র তান   উচ্ছ্বসি উঠিত বহু গীতে
এক হয়ে মিশে যাক   মৌনমন্ত্রে ধ্যানের শান্তিতে ।
    সংযমে বাঁধুক লতা   কুসুমিত চঞ্চলতা,
    সাজুক লাবণ্যলক্ষ্মী   দৈন্যের ধূসর ধূলিবাসে ॥

---

Parjaay: Prakriti / Borsha, Taal: Dadra, Raag: Ramkeli-Bhairavi
Visit www.geetabitan.com for notation and other detail